# ‘কংগ্রেসকে টাকা দিচ্ছে চিন’ রাহুল সংসদে ফিরতেই নতুন অভিযোগ বিজেপির




**নয়াদিল্লি, ৭ অগস্ট:** কংগ্রেসকে টাকা দিচ্ছে চিন। রাহুল গান্ধি সংসদে ফিরতেই অভিযোগ তুলল বিজেপি। নিউ ইয়র্ক টাইমসের একটি প্রতিবেদনকে হাতিয়ার করে কেন্দ্রের শাসকদলের দাবি, চিনা প্রোপাগান্ডা ছড়াতে সিদ্ধহস্ত একটি সংবাদমাধ্যমকে তদন্তের হাত থেকে বাঁচানোর চেষ্টা করেছে কংগ্রেস।

সোমবারই সাংসদ পদ ফেরত পেয়েছেন রাহুল গান্ধি। সোমবারই লোকসভা সেক্রেটারিয়েটের তরফে জানানো হয়েছে, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী ওয়েনাদের সাংসদের পদ ফিরিয়ে দেওয়া হচ্ছে। এই খবর পাওয়ার পরেই উচ্ছ্বাসে মেতে ওঠেন দলের কর্মী সমর্থকরা। ১০ জনপথ রোডে রাহুল গান্ধির বাসভবনের সামনে নাচগান শুরু করেন তাঁরা। সংসদে হাজির হন রাহুল গান্ধি। বিশ্লেষকদের মতে, প্রাথমিক ধাক্কা সামলে এবার কংগ্রেসকে কোণঠাসা করতে চিনকে হাতিয়ার করছে বিজেপি। আর তাদের তুরুপের তাস নিউ ইয়র্ক টাইমসের রিপোর্ট।

এদিন সংসদে বিজেপি সাংসদ নিশীকান্ত দুবে বলেন, ‘কংগ্রেসকে টাকা দিচ্ছে চিন। নিউজক্লিকের মতো চিনপন্থী নিউজ ওয়েবসাইটের ঢাল হয়ে দাঁড়ায় ওই দলটি।’ কংগ্রেসকে একহাত নিয়ে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ ঠাকুর। তাঁর অভিযোগ, ২০২১ সালে আর্থিক দুর্নীতির মামলায় নিউজক্লিকের বিরুদ্ধে তদন্ত শুরু করে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। জানা যায়, বিদেশ থেকে প্রায় ৩৮ কোটি টাকা আসে সংস্থাটির অ্যাকাউন্টে। টাকার উৎস সন্ধানে নেমে নেভিল রয় সিংহমের কথা জানতে পারেন তদন্তকারীরা। কিন্তু সব জেনেও নিউজক্লিককে আড়াল করার চেষ্টা করে কংগ্রেস। উল্লেখ্য, নাৎসিদের কায়দায় বিশ্বজুড়ে ‘প্রোপাগান্ডা ওয়ার’ শুরু করেছে চিন বলেই মনে করছেন বিশ্লেষকরা। গত শনিবার এক প্রতিবেদনে নিউ ইয়র্ক টাইমস দাবি করে, নেভিল রয় সিংহম নামের এক মার্কিন ধনকুবের মাধ্যমে দক্ষিণ আফ্রিকা, ভারত এবং আমেরিকা-সহ বেশ কয়েকটি দেশে মগজ ধোলাইয়ের কাজ করছে বেজিং। নেভিল এবং তাঁর প্রচার নেটওয়ার্কের সঙ্গে জড়িত কিছু সংস্থার মধ্যে রয়েছে নো কোল্ড ওয়ার, নিউজক্লিক এবং কোড পিঙ্ক। এনওয়াইটি-র মতে, সম্প্রতি এই সংস্থাগুলি চিনের হয়ে কথা বলছে। ভারতেও নাকি এমনই কাজকর্ম চালাচ্ছিলেন নেভিল। তাঁর একটি নিউজ সাইটে হানা দেয় ভারতের তদন্তকারী সংস্থাগুলি। আমেরিকার জমিতেই গজিয়ে ওঠা বেশ কয়েকটি সন্দেহজনক স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমেই নাকি এহেন কার্যকলাপের টাকা জোগাড় করা হত।

# দিল্লির এইমসে অগ্নিকাণ্ড অনির্দিষ্টকালের জন্য বন্ধ ওপিডি

**নয়াদিল্লি, ৭ অগস্ট:** সোমবার সকালে বিধ্বংসী আগুনে তীব্র আতঙ্ক ছড়াল দিল্লির এইমস হাসপাতালে। দীর্ঘক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। ঘটনায় কোনও হতাহতের খবর নেই। তবে আপাতত অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেওয়া হল হাসপাতালের এমার্জেন্সি ওয়ার্ড।



এইমসেই এদিন সকাল ১১টা ৫৪ মিনিট নাগাদ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ঘটনাস্থলে ছুটে যায় দমকলের আটটি ইঞ্জিন। দমকল সূত্রে জানা গিয়েছে, এন্ডোস্কপি বিভাগে প্রথমে আগুন লাগে। সেই আগুনই ক্রমে ছড়িয়ে পড়ে পাশের এমার্জেন্সি ওয়ার্ডে। যুদ্ধকালীন তৎপরতায় রোগীদের অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হয়। এমার্জেন্সি ওয়ার্ডে যাঁরা ভর্তি ছিলেন, তাঁদের সফদরজঙ্গ হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

দিও কর্তৃপক্ষ জানিয়েছে, তৎপরতার সঙ্গে এমারজেন্সি ওয়ার্ডের সমস্ত রোগীকে বের করে নিয়ে যাওয়া হয়। আগুন লাগার খবরে হুড়োহুড়ি পড়ে রোগীদের আত্মীয়দের মধ্যেও। দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ হাসপাতালগুলির মধ্যে প্রথম সারিতে থাকা এই সুপার স্পেশ্যালিটি হাসপাতালে কী ভাবে ভয়াবহ আগুন লাগল, তা নিয়ে উদ্বিগ্ন প্রত্যেকেই। খুব দ্রুতই আটটি ইঞ্জিনের চেষ্টায় আগুন কিছুটা হলেও নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়। যদিও কালো ধোঁয়ায় ঢেকে যায় এমসের ভিতর এবং বাইরের চত্বর। এদিকে হাসপাতালের ডিরেক্টর খবর পেয়েই তৎক্ষণাৎ ঘটনাস্থলে পৌঁছন। তিনি আশ্বাস দেন, ‘কোনও রোগীর ক্ষতি হয়নি। সকলকেই নিরাপদে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। আগুন এখন অনেকটাই নিয়ন্ত্রণে।’ দমকলের তরফে প্রাথমিকভাবে জানানো হয়েছে, এমসের পুরনো রাজকুমারী ওপিডি বিল্ডিংয়ে আগুন লাগে। দমকল বাহিনির তৎপরতায় সেটি নিয়ন্ত্রণে নিয়ে আসা হয়। শর্ট সার্কিটের জেরেই আগুন লেগেছে বলে অনুমান। তবুও সার্বিক পরিস্থিতি খতিয়ে দেখা হচ্ছে।

হাসপাতালের তরফে জানানো হয়েছে, আগুনে বেশ ক্ষতিগ্রস্ত এমার্জেন্সি ওয়ার্ড। যে কারণে অনির্দিষ্টকালের জন্য এই বিভাগ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে এমন ব্যস্ত হাসপাতালের এমার্জেন্সি বন্ধ থাকলে যে সমস্যায় পড়বেন বহু রোগী, তা বলাই বাহুল্য।

# বিশ্বজুড়ে চিনের হয়ে প্রচার করছেন মার্কিন ধনকুবের সিংহম

**ওয়াশিংটন, ৭ অগস্ট:** আমেরিকাকে টেক্কা দিয়ে মহাশক্তি হয়ে উঠতে চাইছে চিন। নাৎসিদের কায়দায় বিশ্বজুড়ে ‘প্রোপাগান্ডা ওয়ার’ শুরু করেছে কমিউনিস্ট দেশটি। জানা গিয়েছে, নেভিল রয় সিংহম নামের এক মার্কিন ধনকুবের মাধ্যমেই দক্ষিণ আফ্রিকা, ভারত এবং আমেরিকা-সহ বেশ কয়েকটি দেশে মগজ ধোলাইয়ের কাজ করছে বেজিং। কে এই নেভিল রয় সিংহম? সংবাদমাধ্যমের এক প্রতিবেদন মোতাবেক, আমেরিকার কোটিপতি ব্যবসায়ী ও সমাজসেবী তিনি। ‘থটওয়ার্কস’ নামের একটি আইটি কোম্পানি রয়েছে তাঁর। মূলত, বিভিন্ন সফটওয়্যার, টুলস ও কনসালটেন্সি পরিষেবা প্রদান করে সংস্থাটি। ১৯৫৪ সালে শ্রীলঙ্কার রাজনীতি গবেষক ও ঐতিহাসিক আর্চিবল্ড বিক্রমরাজা সিংহমের ঘরে জন্ম হয় নেভিলের। ২০১৭ সালে ডেমোক্র্যাটিক দলের প্রাক্তন উপদেষ্টা জডি ইভান্সকে বিয়ে করেন তিনি। অভিযোগ, নিজের সংস্থাকে কাজে লাগিয়ে বিশ্বজুড়ে চিনের হয়ে প্রচার করছেন সিংহম। এর জন্য কোটি কোটি টাকা ব্যয় করা হয়েছে। মনে করা হচ্ছে, উইঘুর নির্যাতন, তিব্বতে নিপীড়ন ও হংকংয়ের দমননীতি চালালেও বিশ্বমঞ্চে নিজের ছবি স্বচ্ছ রাখতে ভুয়ো প্রচার চালাচ্ছে চিন। জানা গিয়েছে, নেভিল এবং তাঁর প্রচার নেটওয়ার্কের সঙ্গে জড়িত কিছু সংস্থার মধ্যে রয়েছে নো কোল্ড ওয়ার, নিউজক্লিক এবং কোড পিঙ্ক। এনওয়াইটি-র মতে, সম্প্রতি এই সংস্থাগুলি চিনের হয়ে কথা বলছে। ভারতেও নাকি এমনই কাজকর্ম চালাচ্ছিলেন নেভিল। তাঁর একটি নিউজসাইটে হানা দেয় ভারতের তদন্তকারী সংস্থাগুলি। আমেরিকার জমিতেই গজিয়ে ওঠা বেশ কয়েকটি সন্দেহজনক স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমেই নাকি এহেন কার্যকলাপের টাকা জোগাড় করা হত।

সংবাদমাধ্যমের দাবি, এই সংস্থাগুলি অনুদান হিসাবে কমপক্ষে ২৭৫ মিলিয়ন ডলার পেয়েছে। অনুদান ও ব্যবসার রেকর্ড, অভ্যন্তরীণ নথি, এবং সিংহমের সঙ্গে যুক্ত সংস্থার দুই ডজনেরও বেশি প্রাক্তন কর্মীদের জিজ্ঞাসাবাদ করা হয়েছে। তদন্তকারীরা বেশ কয়েকটি শেল কোম্পানিকে রাডারে রেখেছে।

# অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে গেল দুবাইয়ের ‘আই দুবাই’



**আবু ধাবি, ৭ অগস্ট:** দুবাই মানেই পর্যটকদের কাছে বিরাট আকর্ষণ। মরুদেশের সব আকাশচুম্বী নির্মাণ দেখেই হতবাক হয়ে পড়েন সকলে। আর যত আকর্ষণ, ততই যেন বিপদের হাতছানিও। ঘুরতে ঘুরতে আচমকাই আকাশপানে আটকে গেল দুবাইয়ের বিখ্যাত চক্রযান। এ যেন দুবাইয়ের উঁচু মাথায় হেঁট হয়ে যাওয়ার মতো। যদিও বড় কোনও দুর্ঘটনা ঘটেনি বলেই খবর। ‘আই দুবাই’ নামে এই চক্রযান থেকে পর্যটকদের নিরাপদে নামিয়ে আনা হয়েছে। প্রায় দু’বছর পর চালু হয়েছে দুবাইয়ের অন্যতম আকর্ষণীয় ও দর্শনীয় আই দুবাই। সংযুক্ত আরব আমিরশাহির গ্ল্যামার যেন কয়েকগুণ বাড়িয়ে দিয়েছে এই চক্রযান। এলইডি আলোয় সুসজ্জিত এই যান আগ্রহীদের পৌঁছে দিত সুউচ্চ রেস্তরাঁ, ক্যাফে, শপিং মলে। ৮২৫ ফুট উপরে তৈরি হয়েছে দুবাই আই। বিখ্যাত লন্ডন আইয়ের সঙ্গে তুলনা করলে এটি প্রায় দ্বিগুণ উচ্চতায় তৈরি। এক দফায় ১৭৫০ জনকে নিয়ে ঘুরতে পারে আই দুবাই। আকাশের সে সফর নাকি দারুণ উপভোগ্য! টিকিটের দাম শুরু ২৭ ডলার থেকে। প্রায় ১৩০০ ডলার পর্যন্ত টিকিট পাওয়া যায়। বছর দুই আগে এর উদ্বোধন হয়। মাঝে থমকে থাকার পর কয়েকমাস আগেই ফের চালু হয়। রবিবার ফের তা স্তব্ধ হয়ে গেল। যদিও, কারণ নিয়ে ধোঁয়াশা রয়েছে এখনও। সংস্থার ওয়েবসাইটে বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়েছে, অনির্দিষ্টকালের জন্য তা বন্ধ হয়ে গেল। দ্রুত চালু করার জন্য আপ্রাণ চেষ্টা করা হচ্ছে। ব্লু-ওয়াটার নামে এক আন্তর্জাতিক সংস্থার অধীনে তৈরি হয়েছে দুবাই আই। নির্মাণ কাজ সম্পূর্ণ করতে সময় লেগেছে ৬ বছর। ২০২১ সালে তা চালু হওয়ার কথা থাকলেও পিছিয়ে যায়। আপাতত যে অবস্থায় তা ছিল, তাতে শুধুমাত্র রাতে এলইডির অপূর্ব সজ্জা দেখার জন্যই ছুটে যেতেন পর্যটকরা। এবার তাতেও ছেদ পড়ল। ঘূর্ণায়মান দুবাই আই থমকে গেল। এখন আর কিছুই দেখা যাচ্ছে না। সুদূর মিশর থেকে দেখতে এসেছিলেন মারওয়া মহম্মদ। কিন্তু ইচ্ছে অপূর্ণ নিয়েই ফিরতে হল। পরিস্থিতি দেখে শুনে অনেকে বলছেন, দুবাই আই ফের চালু হতে হতে শীতকাল চলে আসবে।

## দিল্লিতে যুবকের রহস্যমৃত্যু

**নয়াদিল্লি, ৭ অগস্ট:** গুলিবিদ্ধ অবস্থায় এক যুবকের দেহ উদ্ধার ঘিরে রহস্য ঘনাল দিল্লিতে। রবিবার উত্তর দিল্লির বিশ্বাসনগর এলাকা থেকে ৪৩ বছর বয়সি ওই যুবকের দেহ উদ্ধার করা হয়েছে। দেহের পাশ থেকে উদ্ধার করা হয়েছে একটি পিস্তল। আত্মহত্যা বলে প্রাথমিক অনুমান পুলিশের। তবে এই ঘটনার নেপথ্যে অন্য কোনও রহস্য রয়েছে কি না, খতিয়ে দেখা হচ্ছে।

মৃত যুবকের নাম জিতিন অরোরা। স্ত্রী এবং পুত্রকন্যাকে নিয়ে থাকতেন ওই যুবক। রবিবার কাজের জন্য বাড়ির বাইরে যান তাঁর স্ত্রী। সেই সময় তাঁর পুত্র এবং কন্যা টিউশন ক্লাসে গিয়েছিল। বাড়ি ফিরে এসে গুলিবিদ্ধ অবস্থায় যুবককে দেখতে পান তাঁর স্ত্রী।

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

**NABADWIP MUNICIPALITY**
**SHORT NIQ NOTICE**
e-Quotation are invited by the Chairman Nabadwip Municipality. **1)NIQ No: AMRUT2.0/eNIT-03/2023-24. ID: 2023_MAD_555113_1.** Last Date of receiving application **28.08.2023 up to 05:00 PM. N.B.** Any other information may be had on enquiry from office of Chairman Nabadwip Municipality in working day and gov web site **http://wbtenders.gov.in** this advertisement is also given **http://nabadwipmunicipality.in**
Sd/-
Chairman
Nabadwip Municipality

## আদালতের নির্দেশে হরিয়ানায় থামল বুলডোজার অভিযান

**চণ্ডীগড়, ৭ অগস্ট:** আদালতের ফরমানে থমকে গেল বুলডোজারের চাকা। সাম্প্রদায়িক সংঘর্ষে রক্তাক্ত হরিয়ানার নুহতে উচ্ছেদ অভিযান বন্ধ করল প্রশাসন। তবে গোটা এলাকা এখনও থমথমে। যে কোনও অবাঞ্ছিত পরিস্থিতি সামলাতে পুলিশ বাহিনী তৈরি বলে খবর।

৩১ জুলাই ধর্মীয় মিছিলে অশান্তি ঘিরে উত্তপ্ত হয়ে ওঠে হরিয়ানা। নুহ সংঘর্ষস্থল হলেও হিংসার আগুন ছড়িয়ে পড়ে গুরুগ্রামেও। মৃত্যু হয় ছ’জনের। তারপরই দুই এলাকায় উচ্ছেদ অভিযান শুরু করে প্রশাসন। নুহ থেকে ২০ কিলোমিটার দূরে তাউরু এলাকায় গত বৃহস্পতিবার রাতেই বুলডোজার গুঁড়িয়ে দেয় আড়াইশোরও বেশি ঝুপড়ি। সেগুলি ছিল ভিনরাজ্য থেকে কাজ করতে যাওয়া পরিযায়ী শ্রমিকদের। প্রশাসনের দাবি, যারা অশান্তি বাঁধিয়েছিল, তাদেরই বাড়ি ভেঙে দেওয়া হয়েছে। এলাকার বাসিন্দাদের অভিযোগ, ঘর ভেঙেছে পরিযায়ীদেরই, যাঁদের মধ্যে একটা বড় অংশ বাংলার মানুষ। মুখ্যমন্ত্রী মনোহরলাল খট্টরের নির্দেশেই ওই বুলডোজার চালানো হয়।

এই উচ্ছেদ অভিযানকে কেন্দ্র করে বিতর্ক তৈরি হয়েছে। বিরোধীদের অভিযোগ, সরকারি জমি দখলমুক্ত করার নামে সংখ্যালঘুদের নিশানা করছে খট্টর সরকার।

# কাশ্মীরে অনুপ্রবেশের চেষ্টা, খতম তিন জঙ্গি

**শ্রীনগর, ৭ অগস্ট:** সপ্তাহের শুরুতেই কাশ্মীরে জঙ্গিদমনে বড় সাফল্য পেল ভারতীয় সেনা। সোমবার সকালে সীমান্ত পেরিয়ে ঢুকে আসা দুই জঙ্গিকে নিকেশ করেন ভারতীয় সেনা ও কাশ্মীর পুলিশের যৌথ বাহিনী। পুঞ্চ সেক্টরে দুই জঙ্গি খতম হওয়ার পরে তল্লাশি চালাচ্ছে নিরাপত্তারক্ষী বাহিনী। প্রসঙ্গত, শনিবারই জঙ্গি হামলায় শহিদ হয়েছিলেন তিন জওয়ান।

ভারতীয় সেনা সূত্রে জানা গিয়েছে, পুঞ্চ এলাকায় পাক নিয়ন্ত্রণরেখা পেরিয়ে ভারতে ঢোকার চেষ্টা করে দুই জঙ্গি। সীমান্তের কাছে দেগওয়ার তেরয়ান এলাকায় পৌঁছতেই সেনার সঙ্গে গুলির লড়াইয়ে জড়িয়ে পড়ে তারা। কিছুক্ষণের মধ্যেই মারা যায় এক জঙ্গি। তবে অন্য জঙ্গি দীর্ঘক্ষণ ধরে লড়াই চালিয়ে যায়। বেশ কিছুক্ষণ পরে সে পিছু হঠে পালানোর চেষ্টা করে। তবে শেষ পর্যন্ত সেনার গুলিতেই তার মৃত্যু হয়।

দুই জঙ্গিকে নিকেশের খবর প্রকাশ করেন লেফটেন্যান্ট কর্নেল সুনীল বর্তওয়াল। তিনি জানান, পুঞ্চের বিস্তীর্ণ এলাকা জুড়ে জোরকদমে তল্লাশি চালাচ্ছে সেনা ও কাশ্মীর পুলিশের যৌথ বাহিনী। উল্লেখ্য, রবিবারেও কুপওয়ারা এলাকায় এক জঙ্গি নিকেশ হয় যৌথ বাহিনীর গুলিতে। তার কাছ থেকে একাধিক অস্ত্রও উদ্ধার করে কাশ্মীর পুলিশ। পরপর দু’দিনে কাশ্মীরে জঙ্গি দমনে বড় সাফল্য মিলল ভারতের।

## ওয়াশিংটন থেকে নির্বাচনে কারচুপির মামলা স্থানান্তর করার দাবি ট্রাম্পের

**ওয়াশিংটন, ৭ অগস্ট:** দেশের রাজধানী ওয়াশিংটন একেবারে নোংরা, কলুষিত। এখানে কোনওমতেই সুবিচার পাওয়া সম্ভব নয়। এহেন বিস্ফোরক দাবি করলেন প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাঁর বিরুদ্ধে মামলার বিচারের সমস্ত প্রক্রিয়া ওয়াশিংটন থেকে সরিয়ে দেওয়ারও আর্জি জানিয়েছেন তিনি। এছাড়াও মামলার দায়িত্বে থাকা বিচারক বদলের আবেদন জানাবেন রিপাবলিকান নেতা। প্রসঙ্গত, নির্বাচনে কারচুপির অভিযোগে বিচার প্রক্রিয়া শুরু হয়েছে ট্রাম্পের বিরুদ্ধে। গত বৃহস্পতিবারই আদালতের কাছে নিজেকে নির্দোষ বলে দাবি করেন প্রাক্তন প্রেসিডেন্ট। চলতি মাসেই মামলার শুনানি হবে। এহেন পরিস্থিতিতে নিজের সোশ্যাল মিডিয়ায় ট্রাম্প লেখেন, কোনও মতেই আমি এখানে সুবিচার পাব না। ওয়াশিংটন ডিসি আমাকে স্বচ্ছ বিচারপ্রক্রিয়ার কাছাকাছিও পৌঁছতে পারবে না। তার আগেই ট্রাম্প দাবি করেছেন, দেশের রাজধানী ওয়াশিংটন ডিসি আসলে নোংরা ও অপরাধপ্রবণ।

**দক্ষিণ পূর্ব রেলওয়ে – টেন্ডার**
**ই-টেন্ডার নোটিস নং ঃ ই-টেন্ডার/২০২৩/৩৪।** ভারতের রাষ্ট্রপতির জন্য ও পক্ষে, ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার (ইএনজিজি.), দক্ষিণ পূর্ব রেলওয়ে, খড়গপুর-৭২১৩০১ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য দফায় উল্লিখিত তারিখে বিকেল ৩টের পূর্বে ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে যেগুলি বিকেল ৩টে ৩০ মিনিটে খোলা হবে। **ক্র. নং, টেন্ডার নং এবং কাজের বিবরণ** নিম্নরূপ ঃ **(১) ই-কেজিপি-সাউথ-১৯-২০২৩,** এডিইএন (সাউথ)/খড়গপুরের আওতাধীনে এস অ্যান্ড টি ট্রেনিং ইনস্টিটিউট/খড়গপুরের প্রতিষ্ঠান ভবন এবং হোস্টেল-এর সংস্কারের কাজ। **টেন্ডার মূল্য ঃ** ২,০৪,৫৭,৬৪৩.৩৬ টাকা। **বায়না অর্থ ঃ** ২,৫২,৩০০ টাকা। **(২) ই-কেজিপি-এইচকিউ-২৪-২০২৩,** এডিইএন/তমলুক-এর আওতাধীনে হলদিয়া, দুর্গাচক, বরদা এবং বাসুলিয়াতে পাম্প হাউস এবং পাইপ লাইন সমেত ৩০০ মিমি x ২০০ মিমি আকৃতির গভীর নলকূপ সিঙ্কিং ও ফিটিং-এর মাধ্যমে বসানোর কাজ (২য় কল)। **টেন্ডার মূল্য ঃ** ৬৭,২৪,০৬৩.৫১ টাকা। **বায়না অর্থ ঃ** ১,৩৪,৫০০ টাকা। **টেন্ডার নথির মূল্য ঃ** প্রতিক্ষেত্রে ০। **খোলার তারিখ ঃ** ক্র. নং ১-এর জন্য ১৮.০৮.২০২৩ এবং ক্র. নং ২-এর জন্য ২৪.০৮.২০২৩ তারিখ। **কাজ সম্পূর্ণ করার মেয়াদঃ** ক্র. নং ১-এর জন্য ১২ মাস এবং ক্র. নং ২-এর জন্য ৮ মাস। **দরপ্রস্তাব প্রদান শুরুর তারিখ ঃ** ক্র. নং ১-এর জন্য ০৪.০৮.২০২৩ তারিখে এবং চলবে ১৮.০৮.২০২৩ তারিখ বিকেল ৩টে পর্যন্ত এবং ক্র. নং ২-এর জন্য দরপ্রস্তাব প্রদান শুরু হবে ১০.০৮.২০২৩ তারিখ এবং চলবে ২৪.০৮.২০২৩ তারিখ বিকেল ৩টে পর্যন্ত। আগ্রহী টেন্ডারদাতাগণ টেন্ডারের সম্পূর্ণ বিশদ/বিবরণ/নির্দিষ্টকরণ-এর জন্য এবং অনলাইনে তাঁদের দরপ্রস্তাব দাখিল করতে **www.ireps.gov.in** ওয়েবসাইট দেখতে পারেন। এই কাজের ক্ষেত্রে কোনো অবস্থাতেই হাতেহাতে দাখিল করা টেন্ডার গৃহীত হবে না। **দ্রষ্টব্য ঃ** সম্ভাব্য দরপ্রস্তাবদাতাগণ সকল টেন্ডারে অংশ নিতে নিয়মিত **www.ireps.gov.in** দেখতে পারেন। (PR-479)

**Office Of the Block Development Officer, Egra-II**
**Balighai, Purba Medinipur**
**NOTICE**
**NIT-04 of 2023-24(2nd call) vide Memo No- 1199/E2B/2023 Dated- 02.08.2023** for 1 no work for construction of concrete road at Basudevpur has been invited under Egra-II Block.
**Last date time of Application of Tender- 25.08.2023 upto 17:00 PM. For details log on to www.wbtenders.gov.in**
Sd/- Block Development Officer,
Egra-II Development Block

**ডায়নামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড**
CIN: L45201WB1996PLC077451
**রেজিস্টার্ড অফিস:** ৪০৯, স্বায়িকা সেন্টার, ৪এ, পোলক স্ট্রিট, কলকাতা (প.ব.)৭০০০০১, ফোন: ০৩৩-২২৩৪৩৬৭৩
**ওয়েবসাইট :** www.dynamicarchistructures.com, **ইমেল:** info@dynamicarchistructures.com

**৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল** (ইপিএস ছাড়া টাকার অঙ্ক কোটিতে)

| ক্র. নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত/চলতি বর্ষ সমাপ্ত | বর্ষ থেকে তারিখ অর্থাঙ্ক/পূর্ববর্তী বর্ষ সমাপ্ত | অনুরূপ ৩ মাস সমাপ্ত পূর্ববর্তী বর্ষের |
|---|---|---|---|---|
| | | ৩০.০৬.২০২৩ | ৩০.০৬.২০২৩ | ৩০.০৬.২০২২ |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ১.৮৫ | ১.৮৫ | ০.৬৪ |
| ২ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি)(কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পূর্বে #) | ১.৬১ | ১.৬১ | (০.২৯) |
| ৩ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) করপূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #) | ১.৬১ | ১.৬১ | (০.২৯) |
| ৪ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #) | ১.৪০ | ১.৪০ | (০.২৮) |
| ৫ | সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী)এবং অন্যান্য আনুপুঙ্খিক আয়(করের পরে)] | ১.৪০ | ১.৪০ | (০.২৮) |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৫.০১ | ৫.০১ | ৫.০১ |
| ৭ | শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০/- টাকার) (চলতি এবং অচলতি কার্যাদির জন্য) | | | |
| | ১. মৌলিক : | ২.৮০ | ২.৮০ | (০.৫৬) |
| | ২. মিশ্রিত : | ২.৮০ | ২.৮০ | (০.৫৬) |

দ্রষ্টব্য :
ক উপরের ফর্ম্যাটটি স্টক এক্সচেঞ্জে জমাকৃত বিস্তারিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের নির্যাস যা সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.dynamicarchistructures.com -এ পাওয়া যাবে।
খ #- ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা ইন্ড এএস রুলস অনুযায়ী লাভ এবং ক্ষতির বিবরণে সামঞ্জস্য করা হয়েছে।

**ডায়নামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড**-এর পক্ষে
স্বা/-
**দানমাল পোরওয়াল**
চেয়ারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টর
DIN - 00581351
স্থান: কলকাতা
তারিখ: ০৭.০৮.২০২৩

**ASANSOL DURGAPUR DEVELOPMENT AUTHORITY**
**(A Statutory body of the Govt. of West Bengal)**
**City Centre, Durgapur - 713216**
**(Ph.: 0343-2546716/6815)**
**N.I.T. (Online) No: - ADDA/DGP/ED/N-33/2023-24**
Exe. Engr.(Elect.), ADDA invites Percentage Rate Tender (Online Bid System) for the works **(1)** Electrical Works for installation of Air Conditioners at different Section of ADDA Office, City Centre, Durgapur-16, Dist: Paschim Bardhaman. Est. Amt. Rs. 6,41,863.00; Tender ID No. 2023_ADDA_554423_1. For other details visit our website **www.addaonline.in** or **http://wbtenders.gov.in** or contact Exe. Engr.(Elect.) ADDA.
**Sd/- Exe. Engr. (Elect), ADDA**

**ASANSOL DURGAPUR DEVELOPMENT AUTHORITY**
**(A Statutory body of the Govt. of West Bengal)**
**City Centre, Durgapur - 713216**
**(Ph.: 0343-2546716/6815)**
**N.I.T. (Online) No: - ADDA/DGP/ED/N-35/2023-24**
Exe. Engr.(Elect.), ADDA invites Percentage Rate Tender (Online Bid System) for the works **(1)** Installation of Solar Power System for Bus Passenger Shelter in front of Panagarh Industrial Park on Durgapur Expressway in the District of Paschim Bardhaman. Est. Amt. Rs. 3,10,373.00; Tender ID No. 2023_ADDA_554709_1. For other details visit our website **www.addaonline.in** or **http://wbtenders.gov.in** or contact Exe. Engr.(Elect.) ADDA.
**Sd/-**
**Exe. Engr. (Elect.), ADDA**

**উমা এক্সপোর্টস লিমিটেড**
CIN: L14109WB1988PLC043934
রেজিস্টার্ড অফিস : গঙ্গা যমুনা অ্যাপার্টমেন্ট ২৮/১, শেক্সপীয়র সরণি, ২য় তল, কলকাতা-৭০০০১৭
ওয়েবসাইট: www.umaexports.net.in; ইমেল: cs@umaexports.net.in; ফোন নং : ০৩৩ ২২৮১১৩৯৬ / ১৩৯৭

**৩০ জুন, ২০২৩ সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফলের সারংশ** (লক্ষ টাকায়)

| ক্র. | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন: ত্রৈমাসিক সমাপ্ত 30-06-2023 | | | স্ট্যান্ডঅ্যালোন: বর্ষ সমাপ্ত | কনসোলিডেটেড: ত্রৈমাসিক সমাপ্ত | | | কনসোলিডেটেড: বর্ষ সমাপ্ত |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৩০-০৬-২০২৩ (অনিরীক্ষিত) | ৩১-০৩-২০২৩ (নিরীক্ষিত) | ৩০-০৬-২০২২ (অনিরীক্ষিত) | ৩১-০৩-২০২৩ (নিরীক্ষিত) | ৩০-০৬-২০২৩ (অনিরীক্ষিত) | ৩১-০৩-২০২৩ (নিরীক্ষিত) | ৩০-০৬-২০২২ (অনিরীক্ষিত) | ৩১-০৩-২০২৩ (নিরীক্ষিত) |
| ১ | কার্যাদি থেকে মোট আয় (নিট) | ৩০,১৮৪.৭১ | ৫০,৪৫৭.১৭ | ৩৪,৬০২.৪২ | ১,৪৩,৪৩৩.৫১ | ৩২,৩৬৯.৮৫ | ৫২,৩৪১.৫০ | ৩৫,৪৩১.৯৩ | ১,৪৮,৮২৫.৭৬ |
| ২ | ত্রৈমাসিক / বর্ষের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব) | ৭৬.১৩ | ১,১১৯.৬৫ | ৪৯৭.৩২ | ৩,৫৮৩.৬৩ | ৭৮.৯৫ | ১,০৭৮.৯৭ | ৫২১.৭৮ | ৩,৭১৫.৪০ |
| ৩ | কর পূর্ব ত্রৈমাসিক / বর্ষের নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ৭৬.১৩ | ১,১১৯.৬৫ | ৪৯৭.৩২ | ৩,৫৮৩.৬৩ | ৭৮.৯৫ | ১,০৭৮.৯৭ | ৫২১.৭৮ | ৩,৭১৫.৪০ |
| ৪ | কর পরবর্তী সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ৫৪.৪৫ | ৮২৬.৮৩ | ৩৭০.৭৬ | ২,৬৭০.৪৪ | ৫৭.২৭ | ৭৮৬.১৫ | ৩৯৫.২২ | ২,৮০২.২১ |
| ৫ | সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় [(লাভ/ (ক্ষতি) সন্বিত সময়কালের জন্য (কর পরবর্তী) এবং অন্যান্য আনুপুঙ্খিক আয় (করের পরে)] | ৪৯.২২ | ৮৩১.৮৩ | ৩৬৯.৮৮ | ২,৬৮২.৯৫ | ৪৯.৩৫ | ৭৯৮.৬০ | ৪২৩.৪৫ | ২,৯১৮.৪৪ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ |
| ৭ | পূর্ব বর্ষের নিরীক্ষিত ব্যালান্সসীটে প্রদর্শিতমতো সংরক্ষণ (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত) | - | - | - | ১৩,৩২৩.৪১ | - | - | - | ১৪,৬০৪.৪৪ |
| ৮ | শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) (চলতি এবং অচলতি কাজকর্মের জন্য) - | | | | | | | | |
| | মৌলিক | ০.১৬ | ২.৪৫ | ১.১০ | ৭.৯০ | ০.১৭ | ২.৩৩ | ১.১৭ | ৮.২৯ |
| | মিশ্রিত | ০.১৬ | ২.৪৫ | ১.১০ | ৭.৯০ | ০.১৭ | ২.৩৩ | ১.১৭ | ৮.২৯ |

দ্রষ্টব্য :
ক) উপরোক্তটি এসইবিআই (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্ট) রেগুলেশন, ২০১৫ এর রেগুলেশন ৩৩ এর অধীনে স্টক এক্সচেঞ্জে দায়ের করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ বিন্যাসের একটি নির্যাস। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট উপলব্ধ স্টক এক্সচেঞ্জ(গুলি) এবং তালিকাভুক্ত সংস্থার ওয়েবসাইট যথা http://www.umaexports.net/ -তে।
খ) উপরোক্ত আর্থিক ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা এবং সুপারিশ করা হয়েছিল এবং ৭ অগস্ট, ২০২৩ -এ অনুষ্ঠিত তাদের নিজ নিজ সভায় কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত এবং রেকর্ডে নেওয়া হয়েছে।
গ) সেবি (লিস্টিং অ্যান্ড ওবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)) রেগুলেশনস ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে প্রয়োজনীয় সীমিত পর্যালোচনা কোম্পানির অডিটরগণ সম্পন্ন করেছে।

**ডিরেক্টরস বোর্ডের পক্ষে**
**স্বা/-**
**রাকেশ খেমকা**
**ম্যানেজিং ডিরেক্টর**
**DIN : 00335016**
**স্থান : কলকাতা**
**তারিখ : ৭ অগস্ট, ২০২৩**